



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৪১৯

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
০২ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম, ৭ম ও ৮ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা আবশ্যিকভাবে ২০/০৮/২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে। ২০/০৮/২০১৭ তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবে না।

নির্ধারিত ছকঃ

ক্রঃ নং	শিক্ষা প্রতিষ্ঠানের কোড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	পর্ব	সিফট	রেজিস্ট্রেশন নং	সেশন	যে প্রবিধানের আওতায় ভর্তি হয়েছে তার নাম (২০১০/২০১ ৬)

পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- ১। পুনঃভর্তির আবেদনের সাথে পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। পুনঃভর্তিকৃতদের প্রবিধান ২০১০/২০১৬ অনুসরণ করতে হবে।
- ৩। প্রবিধান ২০১০-এর আওতাধীন ৫ম, ৭ম ও ৮ম পর্বে পুনঃভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবিধানের সংশোধিত ধারা ৪.১৪.৫ মোতাবেক সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।
- ৪। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ মোতাবেক ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তিতে সংশ্লিষ্ট পর্বে (৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম) অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে ও পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধানের ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
- ৫। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে বোর্ড নির্ধারিত ব্যাংকে প্রতি শিক্ষার্থীদের জন্য ২০০/- টাকা হারে জমা প্রদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মো: আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৪১৯(৫০৭)

তারিখ: ০২/০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪-৫০৫। অধ্যক্ষ.....।
- ৫০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৭। নথি।

System Analyst

Web site-এ প্রকাশ করা হবে।
অনুলিপি করা হবে।

২১/৮/১৭

(মোঃ মোস্তাফিজুর রহমান খান)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ৯১২৫৩৬৫
ইমেইলঃ bteb.dip@gmail.com